

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২৮-০৩-২০২২

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৪-০৩-২০২২ থেকে ২৭-০৩-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

২৪ শে মার্চ:

উক্ত সময়ে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে দমকা ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল।

তারিখ	স্থান	সময়	দিক	সর্বোচ্চ গতিবেগ (কিমি/ঘন্টা)	স্থায়িত্ব (মিনিট)
২৪-০৩-২২	মালদা	১৪২৪	দক্ষিণ- পশ্চিম	৫৫	১

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গা হালকা কুয়াশাচ্ছন্ন ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায় এবং দার্জিলিং, কালিম্পাঙ, দক্ষিণ দিনাজপুর ও মালদা জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম জেলার দুয়েক জায়গায় অতি হালকা ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

২৫ শে মার্চ:

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

২৬ শে মার্চ:

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

২৭ শে মার্চ :

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৫৪ থেকে ৭৫ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৪০ থেকে ৯০ শতাংশ।

সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ২৪ শে মার্চ বাঁকুড়ায় ৩৯.৮ ডিগ্রি সেলসিয়াস ও সর্বনিম্ন তাপমাত্রা ২৭ শে মার্চ উলুবেড়িয়ায় ২১.০ ডিগ্রি সেলসিয়াস ছিল।

পরবর্তী ৩ দিন (২৯-০৩-২০২২ থেকে ৩১-০৩-২০২২ অবধি) ভারতীয় সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। আগামী ২ দিন রাজ্যের সমতলাংশে দিনের তাপমাত্রার কোনো উল্লেখযোগ্য পরিবর্তন হবেনা এবং পরবর্তী ৩ দিন দিনের তাপমাত্রা ২-৩ ডিগ্রী বেড়ে যাওয়ার সম্ভবনা আছে।

দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাও জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, মুর্শিদাবাদ ও নদীয়া জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম, নদীয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:**দিন ১ -**

কোনো সতর্কবার্তা নেই।

দিন ২-

কোনো সতর্কবার্তা নেই।

দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

২৮-০৩-২০২২

